বাগেরহাটের ফকিরহাটে এক ভুয়া চিকিৎসকের কারাদন্ড

বাগেরহাটের ফকিরহাটে মিজানুর রহমান (৩৯) নামের এক ভুয়া চিকিৎসককে ৬ মাসের কারাদন্ড দিয়েছেন ভ্রাম্যমান আদালত। বৃহস্পতিবার দুপুরে জেলার ফকিরহাট উপজেলার কাটাখালী এলাকায় বাজার এলাকার “মা মেডিসিন কর্নার” নামে একটি প্রতিষ্ঠানে ভ্রাম্যমান আদালত অভিযান চালায়। পরে ওই প্রতিষ্ঠানের চিকিৎসক পরিচয় দেয়া মিজানুর রহমানকে প্রয়োজনীয় কাগজপত্র দেখাতে বলে, কিন্তু চিকিৎসা সেবা দেয়ার কোন বৈধ কাগজপত্র দেখাতে পারেনি। চিকিৎসক পরিচয়ে চিকিৎসা দেওয়ার অভিযোগে ৬ মাসের কারাদন্ডের আদেশ দেন ভ্রাম্যমান আদালতের বিচারক নির্বাহী ম্যাজিষ্ট্রেট রহিমা সুলতানা বুশরা। এসময় মেডিকেল অফিসার ডা: মোঃ অরিজুল ইসলাম উপস্থিত ছিলেন। এর আগেও বিভিন্ন সময় ওই ভুয়া চিকিৎসকের প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে জরিমান ও দন্ড দিয়েছে ভ্রাম্যমান আদালত।
নির্বাহী ম্যাজিষ্ট্রেট রহিমা সুলতানা বুশরা বলেন, দীর্ঘদিন ধরে মিজানুর রহমান নামের এক ভুয়া চিকিৎসক প্রতারনা করে চিকিৎসা দিয়ে আসছিল। এই অভিযোগের ভিত্তিতে মেডিকেল এবং ডেন্টাল কাউন্সিল আইন-২০১০, ২২ এর (১) ধারায় তাকে ৬ মাসের বিনাশ্রম করাদন্ড প্রদান করেন।
এর আগে ভূয়া চিকিৎসক মিজানের বিরুদ্ধে পত্রিকায় একাধিক নিউজ প্রকাশিত হয়। এর প্রেক্ষিতে মিজানুর রহমানের চেম্বারে ভ্রাম্যমান আদালতের অভিযান পরিচালনা করা হয়। সে সময় কথিত ওই চিকিৎসক গোপনে কক্ষের পিছনের দরোজা দিয়ে পালিয়ে যায়। পরে চেম্বারে উপস্থিত তার সহকারি মোঃ আরাফাত ফকিরকে (১৯) এক মাসের কারাদন্ড দেয় ভ্রাম্যমান আদালত।